

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক এর কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(সাধারণ শাখা)
www. chapainawabganj.gov.bd

স্মারক নং- ১২.১৭.০০০০.৭০.০৪১.০০.০০০.২০২৪-৬৯৭

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ / ১৩ আগস্ট ২০২৬

## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)' এর আলোকে এবং কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ এর স্মারক নং- ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৭৩ তারিখ- ০৯.০৮.২০২৬ খ্রি. মোতাবেক চাঁপাইনবাবগঞ্জ জেলার ০৪ টি (সদর, শিবগঞ্জ, গোমস্তাপুর ও ভোলাহাট) উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৫৬ (ছাপ্পান্ন) টি শূন্য ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে (উল্লেখ্য, যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বে **জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ দপ্তরের ২৫.০২ ২০২৬ তারিখের ১২.১৭.০০০০.৭০.০৪১.০০.০০০.২০২৪-১০৫ সংখ্যক স্মারকপত্রেরে বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই**)।

| ক্রঃনং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা | শূন্য ডিলার ইউনিট/সার ডিলারের কার্য এলাকা (ওয়ার্ড নং উল্লেখসহ ) | |
|---|---|---|---|---|
| ১ | সদর | চরঅনুপনগর | ১ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বারঘরিয়া | ২ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | মহারাজপুর | ৪ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৫ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | রানীহাটি | ৬ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৭ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ইসলামপুর | ৮ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৯ | ৩,৭,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | দেবীনগর | ১০ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১১ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | সুন্দরপুর | ১২ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১৩ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | চরবাগডাঙ্গা | ১৪ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১৫ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১৬ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | শাহজাহানপুর | ১৭ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | নারায়নপুর | ১৮ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১৯ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | আলাতুলি | ২০ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২১ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২২ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ২ | শিবগঞ্জ | শাহাবাজপুর | ২৩ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২৪ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | মোবারকপুর | ২৫ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | চককীর্ত্তি | ২৬ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২৭ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | কানসাট | ২৮ | ৪,৫,৬ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২৯ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | শ্যামপুর | ৩০ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বিনোদপুর | ৩১ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩২ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | দুর্লভপুর | ৩৩ | ৪,৫,৬ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩৪ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | মনাকষা | ৩৫ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | উজিরপুর | ৩৬ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩৭ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩৮ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | পাঁকা | ৩৯ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪০ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ঘোড়াপাখিয়া | ৪১ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪২ | ৪,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ধাইনগর | ৪৩ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪৪ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ছত্রাজিতপুর | ৪৫ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪৬ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪৭ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |

| ক্রঃনং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা | শূন্য ডিলার ইউনিট/সার ডিলারের কার্য এলাকা ( ওয়ার্ড নং উল্লেখসহ ) | |
|---|---|---|---|---|
| ৩ | গোমস্তাপুর | বোয়ালিয়া | ৪৮ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বাঙ্গাবাড়ি | ৪৯ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৫০ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | চৌডালা | ৫১ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৫২ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | আলীনগর | ৫৩ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ৪ | ভোলাহাট | ভোলাহাট | ৫৪ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | গোহালবাড়ি | ৫৫ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | জামবাড়িয়া | ৫৬ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |

**শর্তাবলী :**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)' এর পরিশিষ্ট- ১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।)

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত ২০২৫ (সংশোধিত) নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে। শূন্য ডিলার ইউনিটের তালিকা স্ব-স্ব উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার এঁর কার্যালয় হতে এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ এর ওয়েবসাইট (www.dae.chapainawabganj.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

**(গ) আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণ ক্ষমতাসম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং (মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্যগত সনদপত্র) থাকতে হবে;

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে;

**(ঘ) আবেদনকারীর অযোগ্যতা:**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারী বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/বিক্রয় প্রতিনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র**

১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter)সহ আবেদন দাখিল করতে হবে;

২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

খ) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;

গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;

ঙ) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;

চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা,মাতা,পুত্র,অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং

ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ;

৩. ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে;

৪. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;

৫. একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, চাঁপাইনবাবগঞ্জ বরাবরে আর্নেস্টমানি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(চ)আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

(১) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ: ৩১/০৮/২০২৬ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত;

(২) আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের স্থান: উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, চাঁপাইনবাবগঞ্জ'র দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

13.08.26
(আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী)
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
ফোন:+৮৮০২৫৮৮৮৯৩৩০০(অফিস)
ফ্যাক্স: +৮৮০২৫৮৮৮৯৩০৩২(অফিস)
e-mail:dcchapainawabganj@mopa.gov.bd